

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
ইনোভেশন টিম



বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ২০২০-২০২১ অর্থবছরে বাস্তবায়নাধীন 'জিএসবি ব্লাড ক্লাব' শীর্ষক উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন মূল্যায়ন সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আলী আকবর পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি ইনোভেশন টিম
সভার তারিখ	২৪ ফেব্রুয়ারি ২০২১
সভার সময়	অপরাহ্ন ১৪.৩০ ঘটিকা
স্থান	চতুর্থ তলার সভাকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ইনোভেশন টিমের ফোকাল পয়েন্ট জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) 'জিএসবি ব্লাড ক্লাব' আইডিয়া বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট পাইলটিং বাস্তবায়নকারী টিমকে আহ্বান জানান। সভাপতি জানান যে, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জিএসবিতে আয়োজিতব্য ১০ দিনব্যাপী অনুষ্ঠানমালার অংশ হিসেবে স্বেচ্ছায় রক্ত দান কর্মসূচী আয়োজন করা হবে। 'জিএসবি ব্লাড ক্লাব' শীর্ষক উদ্ভাবনী উদ্যোগটি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে (স্বেচ্ছায় রক্ত দানে উৎসাহ প্রদান, ব্লাড গ্রুপিং এবং প্রয়োজনীয় ডাটাবেজ তৈরী) পাইলটিং টিম কর্তৃক প্রয়োজনীয় ব্যয় বিভাজন যথাযথ কর্তৃপক্ষ সমীপে প্রেরণ করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। পাইলটিং টিম জানান যে, উদ্ভাবনী উদ্যোগটি বাস্তবায়নের জন্য সকল কর্মকর্তা/কর্মচারীর তথ্যাদি সংগ্রহের লক্ষ্যে রেজিস্ট্রেশন ফরমটি হার্ডকপি আকারে প্রস্তুত করা হয়েছে এবং অনলাইন ফরম হিসেবে জিএসবি ওয়েবসাইটে সন্নিবেশিত রয়েছে। ইতোমধ্যে শতাধিক কর্মকর্তা/কর্মচারী তাদের তথ্যাদি পাইলটিং টিমকে সরবরাহ করেছেন। সভাপতি রক্তদানের গুরুত্ব এবং উদ্ভাবনী উদ্যোগটি যথাযথ বাস্তবায়নের স্বার্থে ইনোভেশন টিমের সদস্যবৃন্দসহ পাইলটিং বাস্তবায়নকারী টিমকে নিয়ে অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের মোটিভেশনের লক্ষ্যে প্রচারণার বিষয়ে আলোকপাত করেন।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১. জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে জিএসবিতে আয়োজিতব্য ১০ দিনব্যাপী অনুষ্ঠানমালার অংশ হিসেবে স্বেচ্ছায় রক্ত দান কর্মসূচী বাস্তবায়নের লক্ষ্যে পাইলটিং টিম প্রয়োজনীয় ব্যয় বিভাজন যথাযথ কর্তৃপক্ষ সমীপে প্রেরণ করবে।
২. রক্তদানের গুরুত্ব এবং উদ্ভাবনী উদ্যোগটি যথাযথ বাস্তবায়নের স্বার্থে ইনোভেশন টিমের সদস্যবৃন্দসহ পাইলটিং বাস্তবায়নকারী টিম অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের মোটিভেশনের লক্ষ্যে প্রচারণা করবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আলী আকবর
পরিচালক (ভূতত্ত্ব) ও সভাপতি ইনোভেশন টিম


স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৬২.১৯.৬

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৭

০২ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (ভূতত্ত্ব) , অর্থনৈতিক ভূতত্ত্ব ও রিসোর্স এ্যাসেসমেন্ট শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ২) উপ-পরিচালক (ভূপদার্থ)-৩ , ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৩) উপ-পরিচালক (ড্রিলিং)-৩, ড্রিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৪) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-৪ , শিলাবিদ্যা ও মনিকবিদ্যা শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৫) লাইব্রেরিয়ান-২ , প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৬) এ জেড এম সালেহ আহমেদ, ফটোল্যাভ সুপারিনটেনডেন্ট, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৭) উচ্চমান সহকারী, মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর



রাজিব কুমার সাহা

সহকারী পরিচালক (ভূতত্ত্ব), ফোকাল পয়েন্ট ,
ইনোভেশন টিম